

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০০২.২০.৫

তারিখ: ১ শ্রাবণ ১৪২৭

১৬ জুলাই ২০২০

বিষয়: রিট পিটিশন নং-১৩৩৬৫/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব দাখিলের নিমিও জবাবের  
খসড়া প্রস্তুতক্রমে TMEDতে প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৫.১২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: জাহাঙ্গীর আলী, প্রভাষক (অর্থনীতি), বালিতিতা ইসলামপুর আশরাফুল উলুম ফাযিল (ডিগ্রি) মাদ্রাসা, উপজেলা:লালপুর, জেলা:নাটোর এবং অন্যান্য কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩৩৬৫/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী কর্তৃক 'বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা)-এর জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮' এর ১১.৬ বিধানকে চ্যালেঞ্জ করা হয়েছে।

০৩.এ ছাড়া আবেদনকারী জনাব মো: জাহাঙ্গীর আলীসহ উপরিউক্ত বালিতিতা ইসলামপুর আশরাফুল উলুম ফাযিল (ডিগ্রি) মাদ্রাসা, উপজেলা:লালপুর, জেলা:নাটোর-এর ৪ (চার) জন শিক্ষকের এমপিওভুক্তির দাবীতেও মামলাটি দায়ের করা হয়েছে।

০৪. 'বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা)-এর জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮' এর বিধি ১১.৬ নিম্নরূপ:

'বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) শিক্ষক-কর্মচারীদের চাকুরিতে প্রথম প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর। তবে সমপদে বা উচ্চতরপদে নিয়োগের ক্ষেত্রে ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ:প্রধান/শিক্ষক-কর্মচারিকে কোন অবস্থাতেই পুন:নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবেনা।'

০৫. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্টসহ ০৭ (সাত) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৬. বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট থেকে জনা যায় মামলাটি এখনো (১৪.০৭.২০২০ খ্রি: পর্যন্ত) হেয়ারিং এর জন্য নির্ধারিত হয়নি।

০৭. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতে *Affidavit in opposition* দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।

০৮. উল্লেখ্য যে, আলোচ্য মামলায় সরকার তথা টিএমইডি প্রণীত নীতিমালাকে চ্যালেঞ্জ করে মামলাটি দায়ের হয়েছে সেহেতু সরকার পক্ষে জবাব মহামান্য আদালতে দাখিলের পূর্বে জবাবের খসড়া টিএমইডি কর্তৃক পর্যালোচনা হওয়া প্রয়োজন।

০৯. অধিকমু মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্তৃক মামলাটি দায়ের হওয়ায় খসড়া জবাবটি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত হওয়া যুক্তিযুক্ত।

১০. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৩৩৬৫/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলের পূর্বে জবাবের খসড়া প্রস্তুতক্রমে (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) আগামী ০৪.০৮.২০২০

খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-৭-২০২০

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০০২.২০.৫/১(৭)

তারিখ: ১ শ্রাবণ ১৪২১  
১৬ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) ~~সিস্টেম এনালিস্ট~~, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

১৬-৭-২০২০

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)